47

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 28 FEB 1997 ..
পৃষ্ঠা ৩ কলাম ২

শিক্ষার্থীর অভাব

# পটুয়াখালীর ৭৫টি উপ-আনুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র বন্ধ

কলাপাড়া (পটুয়াখালী) সংবাদদাতা ।। শিক্ষার্থীর অভাবে পটুয়াখালী ৭৫টি উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র বন্ধ করিয়া দেওয়া হইয়াছে।

উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর পটুয়াখালী জেলাকে নিরক্ষরতামুক্ত করার লক্ষ্যে ১৯৯২ সনে তাহাদের কার্যক্রম শুরু করে এবং গত বছর পর্যন্ত সদর থানায় তাহাদের কার্যক্রম অব্যাহত থাকে। এই সময় পর্যন্ত এই থানায় ১৬৫টি শিক্ষাকেন্দ্র স্থাপন করা হয়। ইহার মধ্যে ছিল মৌলিক শিক্ষা কেন্দ্র ৩০টি, কিশোর-কিশোরী শিক্ষা কেন্দ্র ৯০টি এবং বয়স্ক শিক্ষা কেন্দ্র ৪৫টি। গত ৫ বছরে এই সকল শিক্ষা কেন্দ্রের মাধ্যমে ৪ হাজার ৫০ জন তরুণ-তরুণী ও বয়স্কদের সাক্ষর করিয়া তোলা হইয়াছে।

জানা গিয়াছে, তিনটি বেসরকারী সংস্থার মাধ্যমে এই কর্মসূচী বাস্তবায়ন করা হয়। সংস্থাগুলি হইতেছে—মৌচাক, পল্লী সেবাসংঘ ও বাংলাদেশ মসজিদ মিশন। ইহার মধ্যে মৌচাক ৭৫টি, পল্লী সেবা সংঘ ৪৫টি ও বাংলাদেশ মসজিদ মিশন ৪৫টি শিক্ষা কেন্দ্র পরিচালনা করে। এই সকল কেন্দ্রে বর্তমানে শিক্ষার্থীদের উপস্থিতি অত্যন্ত হতাশাব্যঞ্জক। আর এই কারণেই কর্তৃপক্ষ মৌলিক শিক্ষা কেন্দ্রের

(৫ম পৃঃ দ্রঃ)

## শিক্ষার্থীদের অভাবে

(৩য় পৃঃ পর)

৩০টি এবং কিশোর-কিশোরী শিক্ষা কেন্দ্রের ৪৫টি বন্ধ করিয়া দিয়াছে।

এই ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানান, প্রকল্পের মেয়াদ শেষ হওয়ায় এই সকল শিক্ষা কেন্দ্র বন্ধ করিয়া দেওয়া হইয়াছে। অপরদিকে, নূতন করিয়া গলাচিপায় এই কর্মসূচী চালু করা হইয়াছে।